

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-৩৭০

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬
২২ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১১২১১/২০১৪ এর ০৭.০৫.১৮ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণ।

সূত্র:	(১) রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোহা: শহীদুল ইসলাম এর আবেদন	তারিখ: ২৩.১১.২০১৮ খ্রি।
	(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শা:৫/১ আই-১০/২০০৩/৫২/১(৫)	তারিখ: ০৭.০৩.২০০৭ খ্রি।
	(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওম৭২(অংশ-১)/বি:/২০০৬/১ সেট/৩-বিশেষ	তারিখ: ০২.০৩.২০১০ খ্রি।
	(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩১.০৪.৩৮৪.১৪-২২৯	তারিখ: ১৫.০৪.২০১৫ খ্রি।
	(৫) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-১২৫	তারিখ: ২৬.০২.২০১৯ খ্রি।
	(৬) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-১৭৮	তারিখ: ২৮.০৩.২০১৯ খ্রি।
	(৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৯-১০০	তারিখ: ০৭.০৪.২০১৯ খ্রি।
	(৮) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-২৩৮	তারিখ: ০২.০৫.২০১৯ খ্রি।
	(৯) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-১৫৪	তারিখ: ২৫.০৬.২০১৯ খ্রি।
	(১০) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-৩৩২	তারিখ: ২৬.০৬.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম এর চাকুরিতে যোগদানের অভিজ্ঞতার সনদ সংক্রান্ত জালিয়াতির কারণে তাঁর এমপিও বাতিলসহ চাকুরি হতে অব্যাহতি ও তাঁর গৃহীত সমুদয় টাকা মাদ্রাসার এমপিও থেকে কর্তনের জন্য (২) নং সূত্রমূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০২। পরবর্তীতে সূত্র (২) মূলের মাধ্যমে অধ্যক্ষ, জনাব মোহা: শহীদুল ইসলাম (ইনভেস্টমেন্ট নং-৩৯০৩৮০) এর নাম এমপিও হতে কর্তনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রোগ্রামার ইএমআইএস সেলকে অনুরোধ করা হয় এবং জনাব শহীদুল ইসলাম এর এমপিও বন্ধ হয়ে যায়।

০৩। অত:পর উক্ত স্মারকস্বয়ের বৈধতা চ্যালেঞ্জ করে অধ্যক্ষ, জনাব মোহা: শহীদুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১২১১/১৪ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট উপাচার্য, ইসলামি বিশ্ববিদ্যালয়, ৪নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ৫নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জনকে বিবাদী করা হয়।

০৪। উক্ত রিট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সূত্র (৪) মূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৭.০৫.২০১৮ তারিখে নিম্নরূপ রায়/আদেশ দেয়া হয়:

Consequently, the Rule is made absolute in part. The respondents are directed to reinstate the petitioner in the service and start payment of the petitioner's MPO including the arrears and other benefits within 30 days from the receipt of our judgment and order, without fail.।

০৫। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুন্ন হওয়ার প্রবল আশংকা বিদ্যমান।

০৬। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন। উক্ত রিট মামলার রায় সরকারের আর্থিক সংশ্লেষ থাকায় জরুরিভিত্তিতে রায় স্থগিতসহ নির্ধারিত সময়ের মধ্যে আপীল দায়ের নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১২১১/২০১৪ মামলার ০৭.০৫.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ০৩.০৩.২০১৯, ১১.০৪.১৯ ও ১৫.০৫.১৯ খ্রি. তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (৫), (৬), (৮) ও (১০) মূলে অনুরোধ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে সূত্র (৭) ও (৯) মূলে প্রেরিত তথ্যে আপীল দায়ের সংক্রান্ত কোন তথ্য প্রেরণ না করে বিজ্ঞ আইনজীবীকে আপীল দায়েরের অনুরোধ জানিয়ে টিএমইডিকে অবহিত করা হয়েছে। কিন্তু ডিএমই কর্তৃক সূত্র (৯) মূলের প্রেক্ষিতে দীর্ঘ ৩০ দিন অতিবাহিত হওয়া সত্ত্বেও চাহিত তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি বিধায় আগামী ৩১.০৭.২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য ৫ম বারের মত নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে DME কে বারবার অনুরোধ সত্ত্বেও এখনো আপীল দায়ের না হওয়ায় সময় তামাদির কারণে আপীল মামলা খারিজ হলে তা DG, DME এর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেবেল-৩,
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।